শিক্ষকতার হাতেখড়ি

Practical Teaching Skills Course

মোট সময়কাল: ১ মাস | প্রতি ক্লাস ২ ঘন্টা

ক্লাস: ৬টি সরাসরি অনলাইন ক্লাস | সপ্তাহে ২টি ক্লাস

প্রশিক্ষণের ধরন: অনলাইন

প্রশিক্ষণের ভাষা: বাংলা ও ইংরেজি

সুযোগ-সুবিধা: টিচিং পোর্টফোলিও | কোর্স সম্পন্নের সনদ | GYRF Learning & Support Circle-এ আজীবন সদস্য

কোর্স পরিচিতি

কার্যকর টিচিং লার্নিং পদ্ধতির সাথে পরিচয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবহারিক দক্ষতা ও কৌশল নিয়ে এই কোর্সটি সাজানো হয়েছে। এতে লেসন প্ল্যান তৈরি, শিখনফল নির্ধারণ, ওয়ার্কশিট প্রস্তুত, শিখন-শেখানো উপকরণ তৈরি, মূল্যায়ন, শ্রেণিকক্ষের কার্যক্রম, স্পষ্ট নির্দেশনা প্রদান এবং শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে।

ব্যবহারিক কাজ, শ্রেণিকক্ষভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণ, সহপাঠীদের মতামত এবং শিক্ষণ প্রদর্শনীর মাধ্যমে অংশগ্রহণকারীরা বিভিন্ন শিখন পরিবেশে এসব কৌশল প্রয়োগ করার দক্ষতা অর্জন করবেন। কোর্স শেষে তাঁরা উদ্দেশ্যভিত্তিক পাঠ পরিকল্পনা তৈরি, শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা, শ্রেণিকক্ষের বিভিন্ন পরিস্থিতি সামলানো, শিখন মূল্যায়ন এবং নিজের শিক্ষণচর্চা পর্যালোচনা করে ধারাবাহিকভাবে তা উন্নত করার দক্ষতা অর্জন করবেন।

এক মাসে মোট ৬টি অর্থাৎ ১২ ঘন্টার সরাসরি অনলাইন ক্লাসের মাধ্যমে কোর্সটিতে ব্যবহারিক কার্যক্রম, ব্যক্তিগত ও দলীয় কাজ, পরিস্থিতি বিশ্লেষণ, শিক্ষণ অনুশীলন, সিভি উন্নয়ন (শিক্ষক প্রোফাইল) ও শিক্ষক নিয়োগের সাক্ষাৎকার প্রস্তুতি এবং মতামত প্রদানের সুযোগ থাকবে। অংশগ্রহণকারীরা শেখা, অনুশীলন, প্রয়োগ, মতামত গ্রহণ ও আত্মপর্যালোচনার ধারাবাহিক প্রক্রিয়ার মধ্য দিয়ে নিজেদের শিক্ষণ দক্ষতা উন্নত করবেন।

কোর্সের নির্ধারিত শর্ত পূরণকারী অংশগ্রহণকারীরা GYRF-এর পক্ষ থেকে কোর্স সম্পন্নের সনদ **(Certificate of Completion)** এবং **GYRF Learning & Support Circle-**এ আজীবন সদস্যপদ পাবেন।

শিখনফল

কোর্সটি সফলভাবে সম্পন্ন করার পর অংশগ্রহণকারীরা নিম্নলিখিত জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা অর্জন করবেন।

জ্ঞান

- কার্যকর লেসন প্ল্যান তৈরির মূলনীতি সম্পর্কে ধারণা অর্জন করবেন।
- টিচিং লার্নিং কার্যক্রম পরিচালনায় সুস্পষ্ট শিখনফলের ভূমিকা বুঝতে পারবেন।
- কার্যকর শিখনফল নির্ধারণে Bloom's Taxonomy কীভাবে ব্যবহার করতে হয়, তা বুঝতে পারবেন।
- ওয়ার্কশিট, শিখন-শেখানো উপকরণ এবং হ্যান্ডআউটের উদ্দেশ্য ও কার্যকর ব্যবহার সম্পর্কে ধারণা অর্জন করবেন।
- মূল্যায়নের মৌলিক পদ্ধতি এবং শিক্ষার্থীরা কতটুকু বুঝেছে তা যাচাই করার উপায় জানতে পারবেন।
- কার্যকর শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার মূলনীতি সম্পর্কে ধারণা অর্জন করবেন।
- বিভিন্ন শ্রেণিকক্ষ কার্যক্রম এবং শিখনফলের সঙ্গে সেগুলোর সম্পর্ক বুঝতে পারবেন।
- ইতিবাচক ও সহায়ক শিখন পরিবেশ তৈরির ব্যবহারিক কৌশল সম্পর্কে জানতে পারবেন।
- শিক্ষকতার জন্য নিজের সিভি কীভাবে উন্নত করতে হয় এবং শিক্ষক নিয়োগের সাক্ষাৎকারের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়, তা বুঝতে পারবেন।

দক্ষতা ও সক্ষমতা

- নির্ধারিত শিখনফলের ভিত্তিতে সুস্পষ্ট ও উদ্দেশ্যভিত্তিক লেসন প্ল্যান তৈরি করতে পারবেন।
- উদ্দেশ্যভিত্তিক ওয়ার্কশিট, শিখন-শেখানো উপকরণ এবং হ্যান্ডআউট প্রস্তুত করতে পারবেন।
- শিক্ষার্থীদের শিখন যাচাই করতে উপযুক্ত মূল্যায়ন পদ্ধতি প্রয়োগ করতে পারবেন।
- শ্রেণিকক্ষের বিভিন্ন পরিস্থিতিতে কার্যকর ব্যবস্থাপনা কৌশল প্রয়োগ করতে পারবেন।
- শ্রেণিকক্ষের কার্যক্রম পরিকল্পনা করতে এবং বয়স-উপযোগী স্পষ্ট নির্দেশনা দিতে পারবেন।
- উপযুক্ত শিক্ষণ কৌশল ও উপকরণ ব্যবহার করে সংক্ষিপ্ত শিক্ষণ প্রদর্শনী পরিচালনা করতে পারবেন।
- নিজের শিক্ষণচর্চা পর্যালোচনা করতে এবং মতামতের ভিত্তিতে লেসন প্ল্যান ও পাঠদানের পদ্ধতি উন্নত করতে পারবেন।
- শিক্ষকতার জন্য নিজের সিভি উন্নত করতে এবং শিক্ষক নিয়োগের সাক্ষাৎকার ও নিয়োগপ্রক্রিয়ার জন্য কার্যকরভাবে প্রস্তুতি নিতে পারবেন।

কাদের জন্য এই কোর্স?

যাঁরা ব্যবহারিক শিক্ষণ দক্ষতা অর্জন করতে এবং নিজেদের পাঠদানের চর্চা উন্নত করতে আগ্রহী, তাঁদের জন্য এই কোর্সটি সাজানো হয়েছে। যেমন:

- স্কুলশিক্ষক: যাঁরা লেসন প্ল্যান তৈরি, শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা এবং পাঠদানের দক্ষতা আরও উন্নত করতে চান।
- শিক্ষকতায় আগ্রহী: যাঁরা শিক্ষকতা পেশায় প্রবেশের প্রস্তুতি নিচ্ছেন এবং প্রয়োজনীয় ব্যবহারিক দক্ষতার একটি শক্ত ভিত্তি তৈরি করতে চান।
- গৃহশিক্ষক ও টিউটর: যাঁরা নিজেদের পাঠদানকে আরও সুসংগঠিত, উদ্দেশ্যভিত্তিক ও শিক্ষার্থীবান্ধব করতে চান।
- অভিভাবক: যাঁরা শিক্ষণ সম্পর্কে নিজেদের ধারণা বাড়াতে এবং সন্তানদের শিখনপ্রক্রিয়ায় আরও কার্যকরভাবে সহায়তা করতে চান।
- শিক্ষণ বিষয়ে আগ্রহী যে কেউ: যাঁরা বিভিন্ন পরিবেশে শেখানো ও শিখন কার্যক্রম পরিচালনার ব্যবহারিক দক্ষতা অর্জন করতে চান।

কোর্সে যা যা শেখানো হবে

দিন ১: লেসন প্ল্যানের উপাদান, শিখনফল ও ব্লুম'স ট্যাক্সোনমি **(Bloom's Taxonomy)**

দিন ২: ওয়ার্কশিট তৈরি, শিখন-শেখানো উপকরণ ও হ্যান্ডআউটের নকশা ও প্রস্তুতকরণ

দিন ৩: শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা, স্পষ্ট নির্দেশনা, শিক্ষার্থীদের কাছাকাছি অবস্থান এবং ইতিবাচক প্রশংসা

দিন ৪: শ্রেণিকক্ষের কার্যক্রম ও মূল্যায়ন

দিন ৫: লেসন প্ল্যান, কার্যক্রম, উপকরণ ও শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার সমন্বয় | সিভি ও সাক্ষাৎকার প্রস্তুতি

দিন ৬: শিক্ষণ প্রদর্শনী, সহপাঠীদের মতামত ও আত্মপর্যালোচনা

যেভাবে শেখানো হবে

কোর্সটিতে সংক্ষিপ্ত আলোচনা, ব্যবহারিক কাজ ও মতবিনিময়ের সমন্বয় থাকবে।

অংশগ্রহণকারীরা যেসব সুযোগ পাবেন:

- বাস্তব বা বাস্তবসম্মত শ্রেণিকক্ষের পরিস্থিতি নিয়ে কাজ করা
- পাঠদানের বিভিন্ন উদাহরণ বিশ্লেষণ করা
- নিজেদের লেসন প্ল্যান ও শিক্ষণ উপকরণ তৈরি করা
- নির্দেশনা প্রদান ও শ্রেণিকক্ষের কার্যক্রম পরিচালনার অনুশীলন করা
- পরিস্থিতি বিশ্লেষণ ও ভূমিকাভিত্তিক অনুশীলনে অংশ নেওয়া
- সহপাঠীদের সঙ্গে নিজেদের কাজ ভাগ করে নেওয়া
- প্রশিক্ষক ও সহপাঠীদের কাছ থেকে মতামত পাওয়া
- নিজের শিক্ষণচর্চা পর্যালোচনা করে উন্নতির সুযোগ চিহ্নিত করা

আপনার টিচিং পোর্টফোলিও

কোর্স চলাকালে সম্পন্ন করা ব্যবহারিক কাজগুলো একত্র করে আপনার একটি টিচিং পোর্টফোলিও **(Teaching Portfolio)** তৈরি করা হবে।

কোর্স শেষে অংশগ্রহণকারীরা তৈরি করবেন:

১. লেসন প্ল্যান
২. মূল্যায়ন পরিকল্পনা
৩. নির্দেশনা পরিকল্পনা
৪. ওয়ার্কশিট
৫. শিখন-শেখানো উপকরণ / হ্যান্ডআউট
৬. শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা পরিকল্পনা

৭. শ্রেণিকক্ষের কার্যক্রম
৮. শিক্ষণ প্রদর্শনী
৯. আত্মপর্যালোচনা ও উন্নত পাঠ পরিকল্পনা

পেশাগত প্রস্তুতি

টিচিং পোর্টফোলিও তৈরির পাশাপাশি অংশগ্রহণকারীরা শিক্ষকতার জন্য নিজেদের সিভি উন্নত করা এবং শিক্ষক নিয়োগের সাক্ষাৎকারের প্রস্তুতি নেওয়ার বিষয়ে দিকনির্দেশনা পাবেন।

এছাড়াও, **GYRF Learning & Support Circle**-এ আজীবন সদস্যপদ তাঁদের ধারাবাহিকভাবে শেখার এবং সহকর্মীদের সঙ্গে অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ের সুযোগ করে দেবে।

অর্থাৎ, কোর্স শেষে অংশগ্রহণকারীরা এমন কিছু ব্যবহারিক কাজ ও উপকরণ নিয়ে এগিয়ে যাবেন, যা তাঁরা নিজেদের শিক্ষণ পরিবেশে ব্যবহার করতে এবং ভবিষ্যতে আরও উন্নত করতে পারবেন।

কোর্স ফি

নিয়মিত ফি**:** ২,০০০ টাকা

আগাম নিবন্ধনকারী ও শিক্ষার্থীদের জন্য বিশেষ ফি*:* ১,৫০০ টাকা

সীমিত সংখ্যক অংশগ্রহণকারীর জন্য আর্থিক প্রয়োজনের ভিত্তিতে ফি সহায়তার সুযোগ রয়েছে।

কোর্স রুটিন

শিক্ষকতার হাতেখড়ি: **Practical Teaching Skills Course**

পাঠ পরিকল্পনা তৈরি থেকে শুরু করে বাস্তবে পাঠদানের অনুশীলন—ছয়টি ক্লাসের মাধ্যমে ব্যবহারিক শিক্ষণ দক্ষতা অর্জনের একটি ধারাবাহিক শেখার যাত্রা।

দিন	বিষয়	যা শিখবেন	ব্যবহারিক কাজ

১	**পাঠ পরিকল্পনা তৈরি**	শিক্ষার্থীদের শিখনে সহায়তা করে এমন উদ্দেশ্যভিত্তিক পাঠ কীভাবে পরিকল্পনা করতে হয়, তা শিখুন। ● ব্লুম'স ট্যাক্সোনমি (Bloom's Taxonomy) ব্যবহার করে সুস্পষ্ট শিখনফল নির্ধারণ করা ● কার্যক্রম, অনুশীলন ও মূল্যায়নসহ একটি পাঠের কাঠামো তৈরি করা ● পাঠের বিভিন্ন অংশের জন্য কার্যকরভাবে সময় বরাদ্দ করা	প্রাথমিক পাঠ পরিকল্পনা তৈরি
২	**ওয়ার্কশিট, শিখন-শেখানো উপকরণ ও হ্যান্ডআউট তৈরি**	শিক্ষার্থীদের শেখাকে অর্থবহ ও আনন্দদায়ক করে তুলতে প্রয়োজনীয় উপকরণ কীভাবে তৈরি করতে হয়, তা শিখুন। ● শিখনফলের সঙ্গে সামঞ্জস্য রেখে ওয়ার্কশিট তৈরি করা ● বয়স-উপযোগী কাজ ও স্পষ্ট নির্দেশনা তৈরি করা ● শিখন-শেখানো উপকরণ ও হ্যান্ডআউট নির্বাচন এবং প্রস্তুত করা ● দৃশ্যমান ও স্বল্প খরচের শিক্ষণ উপকরণ ব্যবহারের কৌশল জানা	উদ্দেশ্যভিত্তিক ওয়ার্কশিট তৈরি
৩	**শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা**	ইতিবাচক ও সহায়ক শিখন পরিবেশ তৈরির ব্যবহারিক কৌশল সম্পর্কে জানুন। ● শ্রেণিকক্ষের প্রত্যাশা, নিয়ম ও দৈনন্দিন রুটিন নির্ধারণ করা ● এক কার্যক্রম থেকে অন্য কার্যক্রমে যাওয়ার সময় এবং শিক্ষার্থীদের আচরণ সামলানো ● শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়ানো ও ইতিবাচক শৃঙ্খলা চর্চা করা	শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা কৌশল পরিকল্পনা
৪	**শ্রেণিকক্ষের কার্যক্রম ও মূল্যায়ন**	পাঠের পুরো সময়জুড়ে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা এবং তারা কতটুকু শিখছে তা যাচাই করার কৌশল শিখুন। ● শিখনফলের ভিত্তিতে উপযুক্ত কার্যক্রম নির্বাচন করা	শ্রেণিকক্ষের কার্যক্রম ও মূল্যায়ন পরিকল্পনা তৈরি

		• একক, জোড়ায় ও দলীয় কার্যক্রম পরিকল্পনা করা • নির্দেশিত ও স্বতন্ত্র অনুশীলনের সুযোগ তৈরি করা • স্পষ্ট নির্দেশনা দেওয়া, কাজের নমুনা দেখানো এবং শিক্ষার্থীদের বোঝাপড়া যাচাই করা	
৫	**সবকিছুর সমন্বয়: পাঠদান অনুশীলন ও পেশাগত প্রস্তুতি**	পাঠদানের বিভিন্ন উপাদান একত্র করে বাস্তব পাঠদানের প্রস্তুতি নিন এবং শিক্ষকতা পেশার জন্য নিজেকে তৈরি করুন। • পাঠ পরিকল্পনা, কার্যক্রম, উপকরণ, মূল্যায়ন ও শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার সমন্বয় করা • একটি পূর্ণাঙ্গ পাঠদান প্যাকেজ তৈরি করা • শিক্ষকতার পদের জন্য নিজের সিভি উন্নত করা • পাঠ পরিকল্পনা, ওয়ার্কশিট ও শিখন উপকরণ তৈরিতে এআই টুলের ব্যবহার শেখা • শিক্ষক নিয়োগের সাক্ষাৎকারে আসতে পারে এমন সাধারণ প্রশ্নের প্রস্তুতি নেওয়া	একটি পূর্ণাঙ্গ টিচিং পোর্টফোলিও তৈরি, এআই-সহায়তায় পাঠদান উপকরণ প্রস্তুত, শিক্ষকতার উপযোগী সিভি তৈরি এবং সাক্ষাৎকারের অনুশীলন।
৬	**শিক্ষণ প্রদর্শনী, মতামত ও আত্মপর্যালোচনা**	নিজের শেখা দক্ষতাগুলো প্রয়োগ করুন এবং পাঠদানের আরও উন্নতির সুযোগ খুঁজে বের করুন। • সংক্ষিপ্ত শিক্ষণ প্রদর্শনী পরিচালনা করা • প্রশিক্ষক ও সহপাঠীদের কাছ থেকে মতামত গ্রহণ করা • নিজের পাঠদান ও শিক্ষণচর্চা পর্যালোচনা করা • উন্নতির ক্ষেত্র চিহ্নিত করে পাঠ পরিকল্পনা সংশোধন করা	শিক্ষণ প্রদর্শনী, চূড়ান্ত উন্নত পাঠ পরিকল্পনা ও আত্মপর্যালোচনা